ক্যান্টনমেন্ট বোর্ড

ঢাকা ক্যান্টনমেন্ট ।

===========

১৯৯০ ইং সনের ৭ই জুন বেলা ৯-০০ ঘটিকায় অনুষ্ঠিত পর্ষদ সভার কার্য্য বিবরণী ।

| | | | |
|---|---|---|---|
| ১। | কর্ণেল মোহাম্মদ আবদুল্লাহ আজাদ, পিএসসি, ষ্টেশন কমান্ডার ঢাকা সেনানিবাস । | -প্রেসিডেন্ট | - উপস্থিত । |
| ২। | এস, ই, এম, ও, সি, এম, এইচ, ঢাকা সেনানিবাস । | -সদস্য | - উপস্থিত । |
| ৩। | অধিনায়ক, প্রশাসনিক শাখা, বি, এ, এফ, বেস বাশার ঢাকা সেনানিবাস । | - সদস্য | - অনুপস্থিত । |
| ৪। | কমান্ডিং অফিসার, বি, এন, এস, হাজী মহসিন ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ৫। | সি, এম, ই, এস, (আর্মি) ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ৬। | জনাব মেহদী হাসান ( জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক মনোনীত প্রথম শ্রেনীর ম্যাজিষ্ট্রেট ) । | - সদস্য | - অনুপস্থিত । |
| ৭। | মেজর (অবঃ) এম, এ, বাসেত ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ৮। | জনাব সৈয়দ আজহারুল হক ৪, সেনানিবাস আবাসিক এলাকা ঢাকা সেনানিবাস । | - সদস্য - | অনুপস্থিত । |
| ৯। | লেঃ কর্ণেল (অবঃ) এস, এ, ডব্লিউ, এম, নাজিম হোসেন | - ডিওএইচএস, বনানী এর প্রতিনিধি সদস্য । | - উপস্থিত । |
| ১০। | স্কোঃ লেঃ (অবঃ) এ, বি, এম, এ, রশিদ | - ডিওএইচএস, বনানী এর প্রতিনিধি- সদস্য । | - উপস্থিত । |
| ১১। | কর্ণেল (অবঃ) ফজলুল গনি পাটওয়ারী, বি, পি, পিএসসি | - ডিওএইচএস, মহাখালী এর প্রতিনিধি- সদস্য । | - উপস্থিত । |
| ১২। | কমান্ডার (অবঃ) টি, আই, এম, নুরুন্নবী | - ডিওএইচএস, মহাখালী এর প্রতিনিধি - সদস্য । | - উপস্থিত । |
| ১৩। | জনাব মোঃ আব্দুল হক, ক্যান্টনমেন্ট এক্জিকিউটিভ অফিসার ঢাকা সেনানিবাস । | -সেক্রেটারী | - উপস্থিত । |

বিষয়ঃ-পর্ষদ সভার গৃহীত সিদ্ধান্তবলী ।

প্রস্তাব নং-১। গত ২৩-৪-৯০ ইং তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভার গৃহীত সিদ্ধান্ত ও কার্য্যক্রম সম্পর্কে অবহিত হওয়া ।

গৃহীত সিদ্ধান্তঃ- গত ২৩-৪-৯০ ইং তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভার গৃহীত সিদ্ধান্ত ও কার্য্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । উক্ত সভার প্রস্তাব নং-২ এবং ৬, ১৯৯০-৯১ ইং আর্থিক সালের বাজেট মিটিং এর পরের পর্ষদ সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-২। ১৯৮৯-৯০ ইং আর্থিক সালের সংশোধিত বাজেট অবহিত হওয়া ও অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্তঃ- ১৯৮৯-৯০ ইং আর্থিক সনের সংশোধিত বাজেট অবহিত হওয়ার পর অনুমোদন করা হইল ।

২য় পৃঃদ্রঃ

ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের বহিরাগত ক্যান্টনমেন্ট বোর্ডের ফ্রি রোগীর হাসপাতালে
প্রস্তাব নং-৩। ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের বহিরাগত ক্যান্টনমেন্ট বোর্ডের ফ্রি রোগীর হাসপাতালে চিকিৎসাকালীন সময়ে খাবার খরচের হার পুনঃ নির্ধারণ। এই প্রসংগে এম,ও,আই,সি'র ২০-৫-৯০ ইং তারিখের প্রস্তাব উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্ত :- এম,ও,আই,সি'র উপরোক্ত প্রস্তাব বিবেচনান্তে বহিরাগত রোগীদের প্রতিদিনের খাবার বাবদ ৫০/-টাকা পঞ্চাশ) টাকা খাবার খরচ অনুমোদন করা হইল যাহা ০১-৭-৯০ ইং তারিখ হইতে কার্য্যকরী হইবে।

প্রস্তাব নং-৪। কবর পাকা করনের নিমিত্তে নিম্নলিখিত আবেদনকারীদের আবেদন উপস্থাপন করা হইল :-

(ক) লেঃ কর্ণেল এ,কে,এম, তফাজ্জল হোসেন।

(খ) মেজর শেখ মাসুমুল হাসান।

(গ) মোঃ শাহজাহান।

গৃহীত সিদ্ধান্ত :- উপরোক্ত ৩টি আবেদনপত্রের মধ্যে যথাযক্রমে লেঃ কর্ণেল এ কে এম তফাজ্জল হোসেন এবং মেজর শেখ মাসুমুল হাসান এর আবেদনের প্রেক্ষিতে কবর পাকা করনের অনুমোদন দেওয়া হইল। কিন্তু মোঃ শাহজাহান এর আবেদনপত্রটি বিবেচনা করা গেল না। অনুমোদনকৃত কবর ২টি পাকা করনের পূর্বে প্রতিটি কবরের জন্য অত্র পর্ষদে ১০,০০০/-( দশ হাজার ) টাকা জমা করিতে হইবে। উল্লেখ্য যে, কবরগুলি একই ধরনের ও মাপের হইতে হইবে এবং মাটির উপর হইতে উচ্চতা ১' ফুট এর বেশী হইতে পারিবে না। ইহা ছাড়াও কবরের মাথার দিকে ১'x১$\frac{১}{২}$' মাপের পাথর বসাইতে হইবে যাহাতে মৃত ব্যক্তির কেবলমাত্র পরিচিতি উল্লেখ থাকিবে।

প্রস্তাব নং-৫। কন্জারভেন্সী কাজের জন্য ২৫(পঁচিশ) টি টিনের ডাষ্টবিন ও ২৫(পঁচিশ) টি আর সি সি স্লাব তৈরীর সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত :-২৫(পঁচিশ)টি ডাষ্টবিন তৈরীর নিমিত্তে সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স নাসির ট্রেডার্স,১২৮/৪, নিউ এয়ারপোর্ট রোড,কাওরান বাজার,ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতিটি ১২৫০/- টাকা হিসাবে সর্বমোট ৩১,২৫০/- টাকার দরপত্রটি অনুমোদন করা হইল। একই ভাবে ২৫টি আর,সি,সি, স্লাব তৈরীর নিমিত্তে সর্বনিম্ন দরপ্রদানকারী মেসার্স মামুন এন্ড ব্রাদার্স,১৭,কচুক্ষেত পুরান বাজার, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক প্রদত্ত প্রতিটি ১১০০/- টাকা হিসাবে সর্বমোট ২৭,৫০০/- টাকার দরপত্রটি অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-৬। ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে বেকারীর কারখানা/ দোকানের নিমিত্তে জনাব নূর মোহাম্মদ খান, কচুক্ষেত ও জনাব মোঃ হাবিবুল্লাহ শের-ই-জামান, ২২৯, ইব্রাহিমপুর এই দুইজনের জন্য অস্থায়ী ভূমি বরাদ্দ ও উহার বার্ষিক খাজনা নির্ধারনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে উল্লেখিত দুই ব্যক্তির আবেদন উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্ত :- উপরোক্ত ২ জন আবেদনকারীর প্রত্যেককে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে ৩০'x২০' অর্থাৎ ৬০০ বঃ ফুট খালি জায়গা প্রচলিত বর্তমান নিয়ম অনুযায়ী মাসিক প্রতি বর্গফুট ১/-টাকা হিসাবে প্রদানের অনুমোদন প্রদত্ত হইল। তাহারা অত্র পর্ষদের অনুমতি সাপেক্ষে নকসা অনুমোদন করাইয়া বেকারী/কারখানা স্থাপনের নিমিত্তে সেমি-পাকা ভবন নির্মাণ করিতে পারিবেন।

প্রস্তাব নং-৭। ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থ ইজারা প্রদত্ত দোকানগুলির চুক্তিপত্র /ইজারা দলিল প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্ত :- ইজারা দলিল সম্পাদনের অনুমোদন দেওয়া গেল। উল্লেখ্য, যে সকল দোকানের ইজারা চুক্তির নির্ধারিত সময়ের পর নবায়নের প্রয়োজন হইবে সে সব ক্ষেত্রে ইজারা দলিলে উভয় পক্ষের " সম্মতি ক্রমে " কথাটি সংযোজন করিতে হইবে।

প্রস্তাব নং-৮। ক্যান্টঃ সুপার মার্কেটের ১০৬, ১০৭ ও ১০৮ নং দোতলায় অবস্থিত ১ দোকান তিনটি কে পার্টিশন ভাংগিয়া একত্রী করনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে উল্লেখিত দোকানগুলির একই ইজারাদার ডাঃ জিল্লুর রহমানের আবেদন পত্র উপস্থাপন করা গেল।

গৃহীত সিদ্ধান্ত :- উপরোক্ত দোকান ৩টিকে পার্টিশন ভাংগিয়া একত্রিত করনের আবেদন বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-৯। সিগন্যাল গেইট হইতে আই,এস,এস,বি, এর পূর্ব পার্শ্বে কালভার্ট পর্যন্ত রাস্তা মেরামতের মূল্যানুমান ও দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত :- উপরোক্ত মেরামত কাজের ৬১,৯৩২/৩৩ টাকার মূল্যানুমান (১৯৮৭ সালের এম ই এস সিডিউল মোতাবেক ১টি অনুমোদন করা হইল। ইহা ছাড়াও উক্ত কাজের জন্য সর্বনিম্ন দরদাতা মেসার্স গাজী এন্ড কোং কর্তৃক প্রদত্ত ২৪.৫০% উর্ধ দরের পরিবর্তে ১২% উর্ধ দর অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-১০। ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের হোটেল সংলগ্ন উত্তর পার্শ্বে খোলা ড্রেন এবং ওয়াসার প্লটের নিকট রাস্তার পার্শ্বে পানি নিস্কাশনের পাইপ ড্রেন নির্মানের মূল্যানুমান ও দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত :- উপরোক্ত খোলা পাকা ড্রেনের মূল্যানুমান ৩১,৮৪৮/৯৬ টাকা এবং উক্ত কাজের সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স জেমিনী ইন্টারন্যাশনাল কর্তৃক প্রদত্ত ২৬% উর্ধ দরের পরিবর্তে (এম ই এস সিডিউল, ১৯৮৭ ইং মোতাবেক) ১২% উর্ধ দর অনুমোদন করা হইল। ইহা ছাড়াও পাইপ ড্রেনের মূল্যানুমান ৫৪,২৮১/৬৮ টাকা এবং উক্ত কাজের সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স জেমিনী ইন্টারন্যাশনাল কর্তৃক প্রদত্ত ২৬% উর্ধ দরের পরিবর্তে (এম ই এস সিডিউল, ১৯৮৭ ইং মোতাবেক) ১৮% উর্ধ দর অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-১১। ক্যান্টনমেন্ট বোর্ডের পাম্প হাউজে ক্লোরিনেশন মেশিন ও উহার পাইপ লাইন স্থাপনের মূল্যানুমান ও দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত :- উপরোক্ত কাজের পাইপ লাইন ও চৌবাচ্চা নির্মাণসহ পাম্প মটর স্থাপন বাবদ সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স আলা উদ্দিন ট্রেডার্স, ধামালকোট, ঢাকা ক্যান্ট এর প্রদত্ত দরটি সর্বমোট ৩২,৫৬০/৩৫ টাকা অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-১২। ঢাকা সেনানিবাস এলাকার বিভিন্ন বাড়ীর বিল্ডিং প্লান অনুমোদন করণ। প্লান সমূহ উপস্থাপন করা হইল।

| ক্রমিক নং | বাড়ীর মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম |
|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল সৈয়দ সিরাজুল ইসলাম | প্লট নং-৩৫৮, | মহাখালী, ডিওএইচএস, ঢাকা সেনানিবাস। |
| ২। | কর্ণেল মোঃ মোছাহেব হোসেন | " ২৭৮ | --ঐ-- |
| ৩। | মিসেস রোকসানা ইয়াসমিন রহমান | " ৩৫২ | --ঐ-- |
| ৪। | লেঃ কর্ণেল এ কে এম তোফাজ্জল হোসেন ও অন্যান্য। | " ৪১৫ (যৌথ) | --ঐ-- |
| ৫। | লেঃ কর্ণেল নূর মোহাম্মদ | " ৩৬৮ | --ঐ-- |
| ৬। | মোঃ হুমায়ুন কবীর | সিএস প্লট নং-১৪২ (আংশিক) | লালসিরাই, ঢাকা ক্যান্ট। |
| ৭। | মোঃ শওকত কবীর | সিএস প্লট নং-১৮২ (আংশিক) | ----ঐ-- |
| ৮। | মোঃ সাইদুর রহমান | সিএস প্লট নং-১৪৫ ও ১৪৬ (আংশিক) | --ঐ-- |
| ৯। | মিসেস গুলশানারা আওয়র | সি এস প্লট নং-১২৮ (আংশিক) | --ঐ-- |

উল্লেখ্য যে, ডিওএইচএস, মহাখালী এলাকার প্লট নং-৩৫২ এর নির্মাণ কাজের ব্যাপারে সদর দপ্তর, বাংলাদেশ রাইফেল্স, পিলখানা, ঢাকা এর ২২-৫-৯০ ইং তারিখের বি এস এস -৫২৮, ডিওএইচ এস-৩৫২/পিএফ পত্র উপস্থাপন করা হইল।

৪র্থ পৃঃ দ্রঃ

সিদ্ধান্ত :- সেনানিবাস এলাকায় নিম্নোক্ত ৯টি বিল্ডিং প্লান অনুমোদন করা হইল :-

| ক্রমিক নং | বাড়ীর মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম |
|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল সৈয়দ সিরাজুল ইসলাম | প্লট নং-৩৫৮ | মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস |
| ২। | কর্ণেল মোঃ মোছাহেব হোসেন | ,, -২৭৮ | ---ঐ--- |
| ৩। | মিসেস রোকসানা ইয়াসমিন রহমান | ,, -৩৫২ | ---ঐ--- |
| ৪। | লেঃ কর্ণেল এ কে এম তোফাজ্জল হোসেন ও অন্যান্য। | " - ৪১৫ (যৌথ) | --ঐ---- |
| ৫। | লেঃ কর্ণেল নুর মোহাম্মদ | " - ৩৬৮ | --ঐ--- |
| ৬। | মোঃ হুমায়ুন কবীর | সিএস প্লট নং-১৪২(আংশিক) | লালসরাই, ঢাকা ক্যান্ট। |
| ৭। | মোঃ শওকত কবীর | " " -১৮২(আংশিক) | ---ঐ---- |
| ৮। | মোঃ সাইদুর রহমান | " " -১৪৫ ও ১৪৬(আংশিক) | --ঐ-- |
| ৯। | মিসেস গুলশানারা আওশর | " " -১২৮(আংশিক) | --ঐ-- |

বিশদ ভাবে আলোচনান্তে মহাখালী ডি ও এইচ এস এলাকায় প্লট নং-৩৫২ অন্যান্য প্লটের ন্যায় নহে বিধায় রাস্তার দিকের পরিবর্তে পশ্চিম দিক হইতে ১০' জমি ছাড়িয়া দিয়া বাড়ী নির্মানের অনুমোদন দেওয়া গেল।

প্রস্তাব নং-১৩। বিবিধঃ

(ক) মহাখালী ডি ও এইচ এস এলাকার ৪৫৯ নং প্লটে ভিটি মাটি ভরাটের মুল্যানুমান ও দর অনুমোদন করণ।

(খ) বনানী ডি ও এইচ এস এলাকায় নুতন ৯টি প্লটে ওয়াসা কর্তৃক উত্তোলিত ও পরিত্যক্ত মাটি পরিবহনের মুল্যানুমান ও দর অনুমোদন করণ।

(গ) ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য নুতন ৪টি এয়ারকুলার ক্রয়, পুরাতন ৫টি এয়ারকুলার মেরামত এবং অকেজো ৪টি এয়ারকুলার নিলামের মাধ্যমে বিক্রয় করনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা।

(ঘ) বিভিন্ন সময়ে বিভিন্ন পুরাতন ও অকেজো মালামাল নিলামের সর্বোচ্চ ডাক অনুমোদন করণ।

(ঙ) ডি ও এইচ এস মহাখালীতে নির্মিতব্য ডিপার্টমেন্টাল ষ্টোর সম্পর্কীত মোকদ্দমাটি পরিচালনা এবং ইজারাদার কর্তৃক জমাকৃত অর্থ ফেরৎ প্রদান সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্ত :- (ক) ৪৫৯ নং প্লটে ভিটি মাটি ভরাটের নিমিত্তে ৭০১৫.০৮ ঘঃ ফুট মাটির মুল্যানুমান এবং সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স অদিতি, এইচ/৭৯, বনানী কর্তৃক প্রদত্ত প্রতি ঘঃ ফুট মাটি ৪.৫০ টাকায় দর অনুমোদন করা হইল।

(খ) বনানী ডি ও এইচ এস এলাকায় নুতন ৯টি প্লটে মোট ১৪,৪৭২.৩০ ঘনফুট মাটি ভরাটের মুল্যানুমান অনুমোদন করা হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, ওয়াসা কর্তৃক উত্তোলিত ও পরিত্যক্ত মাটি দ্বারা উক্ত ৯টি প্লট ভরাট করা হইবে এবং পরিবহনের জন্য সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স অদিতি, এইচ/৭৯, বনানী কর্তৃক প্রদত্ত প্রতি ঘনফুট ১.৭৫ টাকার দর অনুমোদন করা হইল।

-: ৫ :-

(গ) ক্যান্টঃ জেনারেল হাসপাতালের জন্য ৩ টন বিশিষ্ট নুতন ৪টি এয়ারকুলার এবং এবং পুরাতন ৫টি এয়ারকুলার মেরামত এবং বাঁকী ৪টি অকেজো এয়ারকুলার নিলামের মাধ্যমে বিএয়ের সিদ্ধান্ত গৃহীত হইল। উল্লেখ্য যে, অপারেশন থিয়েটারের বর্তমান এয়ারকুলারগুলি অকেজো ৪টি এয়ারকুলারের স্হলে স্হাপন করিতে হইবে ।

(ঘ) (১) স্কুল সমূহের ভাংগা চেয়ার, বেঞ্চ নিলাম বাবদ সর্বোচ্চ ডাককারী মেসার্স আজিজ কর্পোরেশন এর সর্বোচ্চ ডাক ১,৯৫০/-টাকা অনুমোদন করা হইল।

(২) ক্যান্টঃ বোর্ডের অকেজো রড, এংগেল, ফ্লাটবার, সাইনবোর্ড ইত্যাদি নিলাম বাবদ সর্বোচ্চ ডাককারী মেসার্স মোঃ হানিফ কর্তৃক সর্বোচ্চ ডাক ৩৩,০০০/- টাকা অনুমোদন করা হইল।

(৩) অকেজো পুরাতন ঢেউ টিন, প্লেন সীট ও বিভিন্ন মাপের কাঠ ও পানির ট্যাংকি নিলাম বাবদ সর্বোচ্চ ডাককারী মেসার্স পুথিপত্র ট্রেডিং কর্পোরেশন এর সর্বোচ্চ ডাক ১০,০০০/- (দশ হাজার) টাকা অনুমোদন করা হইল।

(ঙ) মহাখালী ডি ও এইচ এস এলাকায় নির্মিতব্য ডিপার্টমেন্টাল ষ্টোর স্হাপনের নিষেধাজ্ঞা সম্পর্কীত মোকদ্দমাটি পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হইল। ইহা ছাড়া উক্ত ডিপার্টমেন্টাল ষ্টোরের ইজারাদার মেসার্স সোনারগাঁও ট্রেড ইন্টারন্যাশনাল কর্তৃক জমাকৃত সমুদয় টাকা ফেরৎ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল ।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় কর্তৃক সকলকে ধন্যবাদান্তে সভার সমাপ্তি ঘোষনা করা হইল ।

( মোঃ আব্দুল হক )
সেক্রেটারী,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট ।

( কর্ণেল মোহাম্মদ আবদুল্লাহ আজাদ, পিএসসি, )
প্রেসিডেন্ট,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট ।